দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 31 JAN 1989
পৃষ্ঠা ... কলাম ...

# গণশিক্ষা ও শিক্ষার সার্বজনীন অধিকার সংবিধানের মূলনীতি

## —রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি এইচ,এম এরশাদ গতকাল সোমবার শিক্ষা সপ্তাহের উদ্বোধনকালে বলেন যে, দেশের সংবিধানের মূলনীতি হচ্ছে গণশিক্ষা ও শিক্ষা সার্বজনীন করার অঙ্গীকার। খবর বাসস'র।

বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ও শিক্ষা সচিব হেদায়েত আহমেদ।

তিনি জাতীয় জীবনের সকল ক্ষেত্রে এই চেতনাকে ঊর্ধ্বে তুলে ধরার আহ্বান জানান এবং বলেন যে, আমরা শিক্ষিত জাতি হিসেবে নিজেদেরকে গড়ে তুলতে পারলেই কেবল আমরা আমাদের লক্ষ্য অর্জনে সক্ষম হব।

তিনি বলেন, শিক্ষার উন্নয়নের লক্ষ্যে বেশকিছু উল্লেখযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

শিক্ষা খাতে বরাদ্দের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, গত ৭ বছরে বার্ষিক রাজস্ব ও উন্নয়ন ব্যয় শতকরা ৪শ' ভাগ বৃদ্ধি করা হয়েছে। তিনি বলেন, ১৯৮২-৮৩ অর্থবছরে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ ছিল ২৮৫ কোটি ৯১ লাখ টাকা এবং চলতি (১৯৮৮-

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

৮৯) অর্থবছরে তা করা হয়েছে ১১শ' ৫৬ কোটি ৮৬ লাখ টাকা।

পরে রাষ্ট্রপতি 'শিক্ষা প্রদর্শনী' উদ্বোধন করেন এবং এতে বিভিন্ন শিক্ষা সংস্থা ২০টি স্টল খুলেছে।

### শিক্ষক সমিতির অফিস উদ্বোধন

রাষ্ট্রপতি এরশাদ গতকাল সোমবার ঢাকায় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের অফিস উদ্বোধনকালে বলেন, শক্তিশালী ও সুশৃঙ্খল জাতি হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষা অত্যন্ত প্রয়োজনীয়।

তিনি বলেন, অজ্ঞতা ও অপসংস্কৃতির অভিশাপ থেকে সমাজকে মুক্ত করার জন্য এবং জাতীয় অগ্রগতির জন্য শিক্ষাই হচ্ছে একমাত্র হাতিয়ার। রাষ্ট্রপতি এরশাদ এই ফেডারেশনের চেয়ারম্যান।

অনুষ্ঠানে এ ছাড়াও বক্তব্য রাখেন উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম।

এর আগে ফিতা কেটে ও মোনাজাতের মাধ্যমে রাষ্ট্রপতি অফিসের উদ্বোধন করেন।